



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-
২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃ dgmpd@krishibank.org.bd

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৫-রুমাবি-৩২৭/২০২২-২৩/ ৪৬৭(২২৫০) তারিখঃ ১৬/০৮/২০২২ খ্রিঃ

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষ ঋণ সংক্রান্ত নীতিমালা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র ব্যাংক কর্তৃক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য ইতোমধ্যে বিশেষ ঋণ নীতিমালা পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ০৮/২০২২, তারিখঃ ০৮/০৮/২০২২ জারি করা হয়েছে। ইতোপূর্বে জারিকৃত নীতিমালায় কিছু বিষয় উল্লেখ না থাকায় ও বাংলাদেশ ব্যাংক পরিদর্শন দল কর্তৃক উত্থাপিত আপত্তি নিরসনকল্পে এ সার্কুলার লেটার জারি করা হলো।

০২। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষ ঋণ কর্মসূচির অসঙ্গতির বিষয়ে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক ২৬.০৬.২০২২ খ্রিঃ তারিখে গৃহীত সিদ্ধান্ত, ১৩ জুলাই ২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক অডিট কমিটির ৬৬তম সভা এবং ২৮.০৭.২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিকেবি পরিচালনা পর্ষদের ৮১১ তম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী এ ঋণ কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদান করা হয়েছে:-

(ক) সুদহার :

বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষ ঋণ কর্মসূচির আওতায় ঋণসমূহের ক্ষেত্রে-

০১/০৪/২০২০ খ্রিঃ তারিখ হতে ৩০/০৯/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়কালের জন্য সুদের হার ৯% নির্ধারণ করতে হবে। (বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং-০৩, তারিখ : ২৪/০২/২০২০ খ্রিঃ মোতাবেক)

২১/০৩/২০১৯ খ্রিঃ তারিখ হতে ৩১/০৩/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়কালের জন্য সুদের হার ১৩% বাস্তবায়ন করতে হবে। (পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৩/২০১৯, তারিখ : ২১/০৩/২০১৯ খ্রিঃ মোতাবেক)

০৯/০৮/২০১৮ খ্রিঃ তারিখ হতে ২০/০৩/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়কালের জন্য সুদের হার ৯% বাস্তবায়ন করতে হবে। (হিসাব পরিপত্র নং-১১/২০১৮, তারিখঃ ২০/০৮/২০১৮ খ্রিঃ মোতাবেক)

চলমান পাতা-০২

[Signature]

[Signature]

বিষয় : সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষ ঋণ সংক্রান্ত নীতিমালা প্রসঙ্গে।

(খ) EMI (Equated Monthly Installment):

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষ ঋণ কর্মসূচির আওতায় ঋণ প্রদানের ক্ষেত্রে পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ০৮/২০২২, তারিখ-০৮/০৮/২০২২ এর EMI টেবিল অনুযায়ী কিস্তি নির্ধারণ করতে হবে। গত ০৯/০৮/২০১৮ খ্রিঃ তারিখকে কাট অফ ডেট হিসেবে বিবেচনা করে ০৯/০৮/২০১৮ খ্রিঃ তারিখের পরবর্তী সময়কালে বন্ধ সকল ঋণ হিসাবে ঐ সময়ে প্রযোজ্য সুদহার (অনুচ্ছেদ ২ এর 'ক' এ উল্লিখিত) অনুযায়ী হিসাব করে আদায়কৃত অতিরিক্ত টাকা ঋণ গ্রহীতা শিক্ষককে ফেরত প্রদান এবং চালু ঋণ হিসাবসমূহে অতিরিক্ত আদায়কৃত টাকা সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে আলোচ্য সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষ ঋণ কর্মসূচির আওতায় ঋণসমূহের জন্য সিবিএস এ EMI হিসাবায়নের Auto System Develop করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(গ) Early Settlement :

বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রচলিত Schedule of Charges এর মাধ্যমে সকল শাখায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষ ঋণ কর্মসূচির আওতায় ঋণসমূহের Early Settlement করতে হবে। গত ০৯/০৮/২০১৮ খ্রিঃ তারিখকে কাট অফ ডেট হিসেবে বিবেচনা করে এর পরবর্তী সময়কালে মেয়াদপূর্তির পূর্বে বন্ধ সকল ঋণ হিসাবে ঐ সময়ে প্রযোজ্য সুদহার (অনুচ্ছেদ ২ এর 'ক' এ উল্লিখিত) অনুযায়ী হিসাব করে আদায়কৃত অতিরিক্ত টাকা ঋণ গ্রহীতা শিক্ষককে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে আলোচ্য সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষ ঋণ কর্মসূচির আওতায় ঋণসমূহের জন্য সিবিএস এ Early Settlement এর Auto System Develop করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ঘ) পুনঃসুদ চার্জ রিভার্স :

বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষ ঋণ কর্মসূচির আওতায় প্রদত্ত ঋণসমূহের ক্ষেত্রে বিতরণকৃত ঋণের সুদ অগ্রিম চার্জ করে আয়খাতে স্থানান্তরের পরও সিবিএস সফটওয়্যারে পুনরায় সুদ চার্জ করার অপশন ডিজেবল না করার কারণে যদি ঋণসমূহে পুনঃসুদ চার্জ হয়ে থাকে, তবে তা রিভার্স করতে হবে।


(ঙ) মঞ্জুরিপত্র ইস্যু :

বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষ ঋণ কর্মসূচির আওতায় ঋণ প্রদানের ক্ষেত্রে গ্রাহকের বরাবরে শাখা কর্তৃক মঞ্জুরিপত্র ইস্যু করতে হবে (নমুনা মঞ্জুরিপত্র সংযুক্ত)।

০৩। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য জারিকৃত বিশেষ ঋণ নীতিমালা পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ০৮/২০২২;তারিখ ০৮/০৮/২০২২ এ বর্ণিত নির্দেশনার পাশাপাশি আলোচ্য পত্রের মাধ্যমে জারিকৃত নির্দেশনাসমূহও পরিপালনযোগ্য হবে। এক্ষেত্রে কোন অস্পষ্টতা বা জটিলতা পরিলক্ষিত হলে অত্র বিভাগের সহকারী মহাব্যবস্থাপক জনাব মোঃ পারভেজ কাওসার সরকার (মোবাইল নম্বর-০১৯১১-০৪৪৯৪০) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

০৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোন-০২-২২৩৩৮৮৯৪৯

চলমান পাতা-০৩


বিষয় : সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষ ঋণ সংক্রান্ত নীতিমালা প্রসঙ্গে।

বিকেবি/প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৫-রম্মাবি-৩২৭/২০২২-২৩/ ৩৬৯ (১২৩০)

তারিখঃ ১৬/০৮/২০২২ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
উপরোক্ত সার্কুলার লেটার এর অনুচ্ছেদ নং ২ এর খ ও গ এ বর্ণিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নসহ লেটারটি
ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


(মোঃ পারভেজ কাদের সরকার)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক

----- শাখা
----- অঞ্চল

মঞ্জুরিপত্র

জনাব -----, পিতাঃ -----
মাতাঃ -----।

ঠিকানা	ঃ	কর্মস্থলের ঠিকানা	স্থায়ী

বিষয়ঃ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষ ঋণ নীতিমালার আওতায়----- (-----)
টাকা মঞ্জুরি প্রসঙ্গে।

মহোদয়,

অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, আপনার -----খ্রিঃ তারিখের আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক, -----শাখা, -----
কর্তৃক নিম্নলিখিত শর্তসাপেক্ষে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষ ঋণ নীতিমালার আওতায় ----- (-----) লক্ষ টাকা মাত্র মঞ্জুরি
প্রদান করা হয়েছে :

০১।	ঋণ গ্রহীতার নাম	ঃ	
০২।	পিতার নাম	ঃ	
০৩।	মাতার নাম	ঃ	
০৪।	স্বামী/স্ত্রীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে)		
০৫।	জাতীয় পরিচয়পত্র নম্বর/ বৈধ পাসপোর্ট নম্বর	ঃ	
০৬।	বর্তমান পদবী ও শিক্ষক পরিচিতি নং	ঃ	
০৭।	মোবাইল নম্বর	ঃ	
০৮।	ঠিকানা	ঃ	বর্তমানঃ
		ঃ	স্থায়ীঃ
০৯।	শিক্ষা প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও ফোন নম্বর	ঃ	
১০।	ঋণের মেয়াদ	ঃ	
১১।	মঞ্জুরকৃত ঋণের পরিমাণ	ঃ	
১২।	ঋণের উদ্দেশ্য	ঃ	
১৩।	সুদের হার	ঃ	৯% সুদের হার সময়ে সময়ে পরিবর্তনযোগ্য।
১৪।	গ্যারান্টরের পরিচিতি ও ঋণ আবেদনকারীর সাথে গ্যারান্টরের সম্পর্ক	ঃ	
১৫।	দলিল সম্পাদন	ঃ	বাংলাদেশ কৃষি ব্যাংক এর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষ ঋণ নীতিমালা পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ০৮/২০২২, তারিখ ০৮.০৮.২০২২খ্রিঃ অনুযায়ী প্রয়োজনীয় দলিলায়ন সম্পাদন যোগ্য এবং বাংলাদেশ কৃষি ব্যাংকের বর্তমানে বলবৎ ও ভবিষ্যতে জারিতব্য এ সংক্রান্ত নীতিমালার শর্তাবলি উক্ত ঋণের ক্ষেত্রে প্রযোজ্য হবে।
১৬।	বিতরণ পদ্ধতি	ঃ	সঞ্চয়ী হিসাব নং ----- এর মাধ্যমে ০১ (এক)টি কিস্তিতে বিতরণযোগ্য।
১৭।	ঋণ আদায় পদ্ধতি	ঃ	-----/-(-----) টাকা হিসাবে-----টি সমমাসিক কিস্তিতে আদায়যোগ্য এবং নিয়মিত ঋণ পরিশোধে ব্যর্থ হলে চক্রবৃদ্ধি হারে সুদ ও আসলসহ সম্পূর্ণ ঋণ পরিশোধযোগ্য। ব্যাংক কর্তৃক সময়ে সময়ে পরিবর্তিত সুদের হার এ ঋণের ক্ষেত্রে প্রযোজ্য হবে। সুদের হার পরিবর্তিত হলে কিস্তির পরিমাণও পরিবর্তিত হবে। তাছাড়া, উল্লিখিত হারে কিস্তি পরিশোধ করার পর অবশিষ্ট পাওনা থাকলে তা শেষ কিস্তির সাথে পরিশোধ করতে হবে।
১৮।	ঋণ তত্ত্বাবধান	ঃ	শাখা কর্তৃক।
১৯।	অন্যান্য	ঃ	ক) ঋণ গ্রহীতা চাকুরি থেকে বরখাস্ত বা কোন কারণে বেতন ভাতা স্থগিত থাকলে নিজস্ব উৎস হতে মাসিক কিস্তি পরিশোধ করতে হবে। খ) ঋণ গ্রহীতার মৃত্যুজনিত কারণে ঋণ অনাদায়ী থাকলে জামিনদাতা/পরবর্তী উত্তরাধিকার এর নিকট হতে ঋণ আদায় করতে হবে। গ) আলোচ্য ঋণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক ও অত্র ব্যাংকের বর্তমানে জারিকৃত এবং ভবিষ্যতে জারিতব্য সকল শর্তাবলী প্রযোজ্য হবে।

চলমান পাতা-০২

০২। উপরোক্ত শর্তসমূহ ব্যতিরেকেও ব্যাংক কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন সময় আরও নতুন শর্ত আরোপ করার ক্ষমতা রাখে বা ঋণ বিতরণ রহিত/বাতিল করা অথবা ঋণের সমুদয় টাকা ফেরৎ চাওয়ার সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে। যদি উপরোক্ত শর্তাবলী আপনার নিকট গ্রহণযোগ্য হলে অত্র মঞ্জুরীপত্রের একটি অনুলিপিতে "পড়িয়া বুঝিলাম ও শর্তসমূহ পরিপালনের জন্য স্বীকারোক্তি করিলাম" লিখে স্বাক্ষর প্রদান পূর্বক অত্র কার্যালয়ে ফেরৎ পাঠাতে হবে।

আপনার বিশস্ত,

ব্যবস্থাপক

